214

দৈনিক সংবাদ

তারিখ ... 17 JUL 1995 ...
পৃষ্ঠা ১ কলাম ৫ ...

... তথ্য কেন্দ্র

ঢাকা-বিশ্ববিদ্যালয়

# চারজনের নির্বাচন সম্পর্কে ১০ জনের ওপর রুলনিশি

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

গতকাল হাইকোর্ট বিভাগ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যসহ মোট ১০ জনের ওপর রুলনিশি জারি করেছেন এবং সিন্ডিকেট ও ফিন্যান্স কমিটিতে নির্বাচিত ঘোষিত অধ্যাপক শফিকুর রহমান, অধ্যাপক মোস্তাফিজুর রহমান, ব্যারিস্টার মঈনুল হোসেন এবং অধ্যাপক মাহবুবুর রহমানকে সিন্ডিকেট ও ফিন্যান্স কমিটির

রুলনিশি ঃ পৃঃ ১২ কঃ ২

## রুলনিশি ঃ চারজনের

(১ম পৃষ্ঠার পর)

বৈঠকে যোগদান করা থেকে বিরত থাকার নির্দেশদিয়েছেন।

গত ২৯ ও ৩০শে জুন অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট অধিবেশনের কার্যবিবরণী ও সিনেট থেকে সিন্ডিকেটে ৩ জন প্রতিনিধি এবং ফিন্যান্স কমিটিতে ১ জন প্রতিনিধি নির্বাচনবিধি বহির্ভূতভাবে সম্পন্ন হওয়ায় সিনেটের অন্যতম সদস্য ও রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি এডভোকেট সৈয়দ আহমেদ বাদী হয়ে সিনেটের সভাপতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও অপর ৯ জনের বিরুদ্ধে উল্লেখিত সিনেট অধিবেশনের কার্যবিবরণী ও সিন্ডিকেট ফিন্যান্স কমিটির নির্বাচন অবৈধ ও বে-আইনী ঘোষণা করার জন্য হাইকোর্ট বিভাগে গত ৯ই জুলাই একটি রিট আবেদন দাখিল করেন। উপাচার্য বাদে অপর ৯ জন হলেন- ঢাকা বিশ্ববিদ্যালয়, তাজমেরী সেলিনা ইসলাম, শাহজাহান মিয়া এমপি, অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ, আমিনুল হক, অধ্যাপক শফিকুর রহমান, ব্যারিস্টার মঈনুল হোসেন, অধ্যাপক মোস্তাফিজুর রহমান ও অধ্যাপক এবিএম মাহবুবুর রহমান। রিট আবেদনকারীর পক্ষে মামলা পরিচালনা করেন সিনেট সদস্য এডভোকেট ওজায়ের ফারুক। আদালত এই রিট আবেদন গ্রহণ করেন এবং গতকাল উপাচার্যসহ মোট ১০ জনের বিরুদ্ধে রুলনিশি জারি করেন।